জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৪১৬ তারিখ: ২৫/০৪/২০১৬

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকা **২৮ এপ্রিল ২০১৬** তারিখে প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atdg<space>roll no) টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইটে (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ২য় রিলিজ স্লিপের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	২য় রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশের তারিখ	**২৮/০৪/২০১৬**
খ)	২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের এর (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) Degree Pass Tab Select করে Degree Pass Applicant Login অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল নম্বর ও পিন সঠিকভাবে এন্ট্রি দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।	**৩০/০৪/২০১৬ থেকে ০৮/০৫/২০১৬**
গ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ	**৩০/০৪/২০১৬ থেকে ০৯/০৫/২০১৬**
ঘ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ (ভর্তি নির্দেশিকার ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী) "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Degree Pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	**১০/০৫/২০১৬ থেকে ১২/০৫/২০১৬**
	বিষয়ওয়ারী পত্র কোড এন্ট্রি	
ঙ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্সওয়ারী পত্র কোড এন্ট্রি দেয়ার তারিখ সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে **Admission Subject Entry (degp.)** অপশনে ক্লিক করে শিক্ষার্থীদের পত্র কোড এন্ট্রি দিতে হবে। **ভর্তি নির্দেশিকায় উল্লিখিত কোর্সওয়ারী গুচ্ছ থেকে শর্ত অনুযায়ী পত্র কোড এন্ট্রি দিতে হবে।** ▸ **নির্ধারিত সময়ের মধ্যে পত্র কোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্র কোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।** ▸ **২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ওয়ারী সঠিক পত্র কোড এন্ট্রি দিতে হবে।**	**১৪/০৫/২০১৬ থেকে ১৩/০৬/২০১৬**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)
ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
ও
সদস্য সচিব
স্নাতক (পাস ও প্রফেশনাল) ভর্তি পরীক্ষা পরিচালনা মূল কমিটি, ২০১৫-২০১৬
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২
ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৪১৬ তারিখ: ২৫/০৪/২০১৬

অনুলিপি:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪